দৈনিক সংবাদ

তারিখ 27 FEB 1987
পৃষ্ঠা 5 কলাম 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৫

ঢাকা : শুক্রবার, ১৪ই ফাল্গুন, ১৩৯৩

# মাদারীপুরে মাধ্যমিক শিক্ষা ব্যাহত

মাদারীপুর ২৩শে ফেব্রুয়ারী (সংবাদদাতা)।-প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক, শিক্ষা উপকরণের অভাব, বই-পুস্তক, কাগজের অত্যধিক মূল্য বৃদ্ধি, বিদ্যালয়গুলোতে প্রয়োজনীয় বেঞ্চ, চেয়ার-টেবিল ও অন্যান্য আসবাবপত্রের অভাব, সকল বিদ্যালয়গৃহের জরাজীর্ণ অবস্থা এবং সর্বোপরি অপ্রতুল সরকারী মঞ্জুরীর দরুন মাদারীপুর জেলায় মাধ্যমিক শিক্ষা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজনীয় সংস্কার ও উন্নয়নের কাজে দীর্ঘদিন হাত দেওয়া হয়নি। ফলে জেলার মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সমস্যা বেড়েই চলেছে।

প্রায় ১২ লাখ জনসংখ্যা অধ্যুষিত মাদারীপুর জেলার ৪টি উপজেলায় মাধ্যমিক উচ্চ বিদ্যালয়ের সংখ্যা ৭২টি। এর মধ্যে মাত্র সরকারী দুটি। উচ্চ বালিকা বিদ্যালয়ের সংখ্যা ৯টি ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ৩৪টি এবং নিম্ন ও উচ্চ মাধ্যমিক মাদ্রাসার সংখ্যা ১৯৯টি।

জেলা সদরে অবস্থিত ২টি সরকারী বিদ্যালয় ছাড়া অধিকাংশ উচ্চ ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের অবস্থা বর্তমানে শোচনীয়। এর মধ্যে স্বল্প সংখ্যক বিদ্যালয় ভবন পাকা এবং বাদবাকী অধিকাংশ বিদ্যালয় ভবন কাঁচা এবং দীর্ঘকাল প্রয়োজনীয় উন্নয়ন ও সংস্কারের অভাবে বর্তমানে বিদ্যালয়গুলোর জরাজীর্ণ দশা। গত কয়েক বছরের ঝড়ে ও বন্যায় জেলার উল্লেখযোগ্য সংখ্যক মাধ্যমিক বিদ্যালয় ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত এ সকল বিদ্যালয় ভবনের প্রয়োজনীয় মেরামত ও সংস্কার আজ পর্যন্ত হয়নি।

সকল বেসরকারী মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের অভাব রয়েছে।

দু'একটি বিদ্যালয় বাদে প্রায় সকল মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়েই ছাত্র-ছাত্রীদের জন্য খেলার সরঞ্জাম নেই। অধিকাংশ বিদ্যালয়েই কোন ক্রীড়া শিক্ষক নেই। অধিকাংশ মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে নলকূপ না থাকায় খাবার পানির সংকট রয়েছে। প্রস্রাবখানা ও পায়খানার সুব্যবস্থা নেই অধিকাংশ বিদ্যালয়েই।